



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২১.১৯৮

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৭
০২ মার্চ ২০২১

বিষয়: অধ্যক্ষের দায়িত্ব পালন

গোপালগঞ্জ জেলার শেখ রাসেল সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য রনদা প্রসাদ মন্ডল আবেদন করেন।

আবেদনের বর্ণনা: গোপালগঞ্জ জেলার শেখ রাসেল সরকারি কলেজের অধ্যক্ষ জনাব রবীন্দ্রনাথ বাউড়ে ০১/০৩/২০২১খ্রি. তারিখে অবসর গ্রহণ করেন। অবসর কালে তিনি জনাব সুরত হাজরা, সহকারী অধ্যাপকের নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন। জনাব রনদা প্রসাদ মন্ডল ০৮/০৮/১৯৯৬খ্রি. তারিখে যোগদান করে ০১/০৫/২০০১ খ্রি. তারিখে এমপিওভুক্ত হন। এমপিওভুক্তি, যোগদান এবং জন্মতারিখ অনুযায়ী তিনি জ্যেষ্ঠ শিক্ষক। জ্যেষ্ঠ শিক্ষক হওয়ায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য তিনি আবেদন করেন।

জনাব রনদা প্রসাদ মন্ডল, সুরত হাজরা এবং নীহার রঞ্জন বিশ্বাস একই তারিখে এমপিওভুক্ত হন। জ্যেষ্ঠতা নির্ধারণে তাদের দাখিলকৃত প্রথম এমপিও কপি, প্রভাষক/সহকারী অধ্যাপকের তালিকা, নিয়োগপত্র ও যোগদানপত্র অনুযায়ী জনাব রনদা প্রসাদ মন্ডল জ্যেষ্ঠ। জনাব সুরত হাজরাকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা বিধি সম্মত হয়নি।

এতাবস্থায়, জনবল কাঠামো ২০১৮ এর ১৩ ধারা ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরিপত্র মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষক জনাব রনদা প্রসাদ মন্ডলকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-৩-২০২১
মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোটালীপাড়া,
গোপালগঞ্জ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২১.১৯৮/১(৬)

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৭
০২ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, গোপালগঞ্জ (পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার


অনুরোধসহ)

৩) জনাব রনদা প্রসাদ মন্ডল, সহকারী অধ্যাপক (ইতিহাস), শেখ রাসেল সরকারি কলেজ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।

৪) জনাব রবীন্দ্রনাথ বাউঁ, সাবেক অধ্যক্ষ, শেখ রাসেল সরকারি কলেজ, গোপালগঞ্জ (জ্যেষ্ঠতা লঙ্ঘন করে দায়িত্ব প্রদান করায় তাঁর বিরুদ্ধে কেন ব্যবস্থা নেয়া হবেনা সে জন্য ৩ কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৫) ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, কোটালীপাড়া শাখা/কালিগঞ্জ বাজার শাখা, গোপালগঞ্জ (জনাব রনদা প্রসাদ মন্ডল এর স্বাক্ষর ব্যতীত বেতন-ভাতা প্রদান না করার অনুরোধসহ)।

৬) সংরক্ষণ নথি।



২-৩-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক